দৈনিক বাংলা A56

078

তারিখ ২৭।২।৮১
পৃষ্ঠা ... কলাম ...

# বিজ্ঞান সপ্তাহ সমাপ্ত : পুরস্কার বিতরণ

(স্টাফ রিপোর্টার)

গতকাল বিকালে এক আনন্দঘন পুরস্কার বিতরণী অনুষ্ঠানের মাঝ দিয়ে চতুর্থ জাতীয় বিজ্ঞান সপ্তাহ শেষ হয়েছে।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান কৃতি শিশু ও তরুণ বিজ্ঞানীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। বিশেষ অতিথি হিসাবে অনুষ্ঠানে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক প্রতিমন্ত্রী ডঃ আর এ গনি উপস্থিত ছিলেন।

পুরস্কার বিতরণ শেষে সংক্ষিপ্ত এক ভাষণে প্রধানমন্ত্রী বলেন, বর্তমান যুগ বিজ্ঞান ও প্রযুক্তির যুগ। এ যুগের চাহিদা অনুযায়ী বাংলাদেশে আজ বিপুল সংখ্যক বিজ্ঞানীর দরকার। আর এ কারণেই আজকের সম্ভাবনাময় ক্ষুদে বিজ্ঞানীদের গড়ে তোলার জন্য সরকার বিজ্ঞান শিক্ষার ওপর জোর দিয়েছেন। এবং বিজ্ঞান ও প্রযুক্তির জন্য পৃথক মন্ত্রণালয় প্রতিষ্ঠা করেছেন।

প্রধানমন্ত্রী বলেন, ভবিষ্যতে

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## পুরস্কার বিতরণ

(প্রথম পৃঃ পর)

বিজ্ঞানকে জনপ্রিয় করার লক্ষ্যে এবং ভবিষ্যৎ বিজ্ঞানীদের উৎসাহিত করতে ঘন ঘন বিজ্ঞান মেলা খোলা হবে, এবং আরো ব্যাপকভাবে বিজ্ঞান সপ্তাহ পালন করা হবে।

ডঃ আর এ গনি বলেন, এদেশে প্রতিভা আছে, কিন্তু সেসব প্রতিভা বিকাশের সুযোগ এখনো সৃষ্টি হয়নি। আর এই সুযোগ সৃষ্টির জন্য বিজ্ঞান সপ্তাহ পালন করা হচ্ছে। তিনি বলেন দেশে বিজ্ঞান আন্দোলন গড়ে তোলার জন্য উদ্যোগ নেয়া হয়েছে। এদেশের ক্ষুদে বিজ্ঞানীরাই ভবিষ্যতে এদেশকে বিজ্ঞানে অগ্রগতির দিকে নিয়ে যাবে বলে তিনি আশা প্রকাশ করেন।

বাসস্‌র খবরে বলা হয় গত জানুয়ারী মাসে অনুষ্ঠিত মহকুমা পর্যায়ের এই প্রতিযোগিতায় দেশের ৭১টি মহকুমার মোট ৭৪০ জন প্রতিযোগী অংশ গ্রহণ করেন।

প্রাকৃতিক বিজ্ঞানের জুনিয়র গ্রুপে পার্বত্য চট্টগ্রামের রামগড় সরকারী হাইস্কুলের মোঃ নাসিরুদ্দীন সুলতান হস্তচালিত সেচযন্ত্র প্রদর্শনের জন্য প্রথম পুরস্কার লাভ করেছেন। অন্যদিকে জীববিজ্ঞানের জুনিয়র গ্রুপে চট্টগ্রামের কলকন্ঠ গ্রামীণ ক্লাবের দিলশাদ হোসেন বন্যপ্রাণী সমীক্ষা প্রকল্পের জন্য প্রথম পুরস্কার পেয়েছেন।

প্রাকৃতিক বিজ্ঞানের সিনিয়র গ্রুপে ঢাকার নবারুণ বিজ্ঞান সংঘের মোঃ হাবিবুল আলম চৌধুরী 'মাইক্রো প্রজেক্টরের' জন্য প্রথম পুরস্কার এবং জীববিজ্ঞানে নটারডেম বিজ্ঞান ক্লাব 'পরিত্যক্ত জিনিস থেকে খাদ্য এবং আরশোলার আচরণ পর্যবেক্ষণ' প্রকল্পের জন্য প্রথম পুরস্কার পেয়েছেন।

আবিষ্কার ও উদ্ভাবনের জুনিয়র গ্রুপে তেজগাঁও-এর ইন্টারমিডিয়েট টেকনিক্যাল কলেজের মোঃ আল মামুন চৌধুরী 'পেন্ডুলামের সাহায্যে দেশজ সেচ প্রক্রিয়ার ব্যবহার' এর জন্য প্রথমস্থান এবং সিনিয়র গ্রুপে সিলেটের অনুসন্ধিৎসু চক্রের শাহ আহমদ রফিক টিটো গ্রামোফোনের পিকআপ কার্টিজ উদ্ভাবনের জন্য প্রথমস্থান অধিকার করেছেন।

প্রতিষ্ঠান বহির্ভূত প্রতিযোগী হিসেবে ঢাকার চাকরিজীবী মোঃ নেসারউদ্দীন আহমদ খান ডাণ্ডার মেশিন উদ্ভাবনের জন্য প্রথম পুরস্কার পেয়েছেন।

## নরসিংদী জনকল্যাণ সমিতি

আগামী রোববার সকাল দশটায় খাদ্যমন্ত্রী জনাব আবদুল মোমেন খানের ৩০ নং হেয়ার রোডস্থ বাসায় নরসিংদী জনকল্যাণ সমিতির বার্ষিক সভা ও নির্বাচন অনুষ্ঠিত হবে।